উদ্ভাবনী উদ্যোগের
ডকুমেন্টেশন

# জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

ইনোভেশন টীম
২০২০-২০২১

## ১. অফিস প্রোফাইল

### ১.১ একনজরে অফিস

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | বাংলা | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল |
| | ইংরেজি | National Freedom Fighter Council |
| | সংক্ষিপ্ত | JAMUKA |
| অফিস প্রধানের পদবী | | মহাপরিচালক |
| অফিসের সংখ্যা | | ১টি |
| জনবল | | অনুমোদিত ৩২, পূরণকৃত ২৬,অফিস সহায়ক ১৬ |
| অফিসের ঠিকানা | | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল<br>জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)<br>৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক<br>কাকরাইল, ঢাকা-১০০০। |
| যোগাযোগ (ইমেইল, ফোন, ফ্যাক্স) | | ই-মেইল-dg@jamuka.gov.bd<br>ফোন: ০২-৫৮৩১৩৪০৬ |
| ওয়েবসাইট | | www.jamuka.gov.bd |

**১.২ ভিশন ও মিশন**

১.১ রূপকল্প (Vision) :
বঙ্গাবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রাখা এবং মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন।

১.২ অভিলক্ষ্য (Mission):
বিদ্যমান আইন ও নীতিমালার আলোকে মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণসাধন এবং বঙ্গাবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা।

১.৩ পরিচিতি: জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল একটি সংবিধিবদ্ধ সংস্থা। ইহার প্রধান কার্যালয় কাকরাইল, ঢাকা। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী উক্ত কাউন্সিলের চেয়ারম্যান হিসেবে দায়িত্বরত আছেন। উক্ত কাউন্সিলে ০৮ জন সদস্য রয়েছে। কাউন্সিলের প্রধান কাজ হচ্ছে প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন, সনদপত্র ও প্রত্যয়নপত্র প্রদানে এবং জাল ও ভূয়া সনদপত্র ও প্রত্যয়নপত্র বাতিলের জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ। মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠন নিবন্ধীকরণ।

**কার্যাবলী (Functions)**

- মুক্তিযুদ্ধের আদর্শ প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় পর্যায়সহ জেলা, থানা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে সামাজিক ও অর্থনৈতিক কর্মসূচী গ্রহন।
- মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনসহ সর্বোতভাবে পূনর্বাসন।
- রাষ্ট্রীয় ও সমাজ জীবনের সকল স্তরে মুক্তিযুদ্ধের আদর্শ সমুন্নত রাখা ও কার্যকরী করার লক্ষ্যে সকল শ্রেণীর শিশু-কিশোর, যুবক, ছাত্র, শ্রমিক, শিক্ষক, কৃষক, মহিলা, ব্যবসায়ী, সাংস্কৃতিক কর্মী ও সকল শ্রেণীর পেশাজীবিদের সমন্বয়ে বিভিন্ন পর্যায়ে অংগ সংগঠন গঠন, নিয়ন্ত্রণ ও তত্বাবধান।
- মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠন, সংঘ, সমিতি, যে নামে অভিহিত হউক না কেন পরিচালনার জন্য প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন।
- মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধীকরণ।
- মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধীকরণ ফিস, নবায়ন ফিস ইত্যাদি নির্ধারণ।
- মুক্তিযুদ্ধের ইতিহাস, ঐতিহ্য ও স্মৃতি রক্ষার্থে গৃহীত প্রকল্প পরিচালনা, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান এবং ভবিষ্যৎ প্রকল্প গ্রহন।
- সরকারী ও বেসরকারী ব্যক্তি, সংস্থা ও সংগঠন কর্তৃক মুক্তিযুদ্ধের ইতিহাস, স্মৃতি, আদশ সংক্রান্ত সৌধ, ভাস্কর্য, যাদুঘর ইত্যাদি নির্মাণের অনুমতি প্রদান, রক্ষণাবেক্ষণ, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান।
- প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন, সনদপত্র ও প্রত্যয়নপত্র প্রদানে এবং জাল ও ভূয়া সনদপত্র ও প্রত্যয়নপত্র বাতিলের জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ।
- মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সর্ম্পকিত কার্যাবলী সম্পাদন।


২। **উদ্ভাবন**

**২.১ সেবার নাম:** ডিজিটাল প্রযুক্তিতে যোগাযোগ

**২.২। চিহ্নিত সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয়? (বুলেট আকারে)**

- অভিযোগ/ আবেদন গ্রহণ
- প্রাপ্ত অভিযোগ/ আবেদন এর বিষয়ে শুনানীর সিদ্ধান্তের জন্য নথি উপস্থাপন
- নোটিশ/ পত্র জারী
- বাহক মারফত পত্র ডাকে প্রেরণ। তদন্ত/ যাচাই বাছাইয়ের তারিখ পরিবর্তীত হলে পুন:নোটিশ ইস্যু বা টেলিফোনে অবহিতকরণ।
- পত্র গ্রহীতা পত্র না পেলে সরাসরি বা ডাকে পুন:শুনানীর জন্য আবেদন।
- নথিতে উপস্থাপন
- পুন:শুনানীর জন্য নোটিশ ইস্যু
- নোটিশ পেলে শুনানী অনুষ্ঠান
- নোটিশ না পেলে পুনরায় একই প্রক্রিয়া।

**২.৩। চিহ্নত সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয় (প্রসেস ম্যাপ)**



২.৪। **বিদ্যমান প্রক্রিয়ার ক্যাটাগরি ভিত্তিক সমস্যাসমূহঃ**

ক) অনেক আবেদন একসাথে প্রক্রিয়াকরণ করা সময় সাপেক্ষ এবং কষ্টসাধ্য।

খ) ডাকযোগে প্রেরিত পত্র আবেদনকারীর নিকট পৌছানোর বিষয়টি নিশ্চিত হওয়া যায় না।


গ) আবেদনকারী যথা সময় পত্র না পেলে যথা সময়ে কাঙ্খিত উদ্দেশ্য সাধিত না হওয়ায় ভোগান্তির শিকার হন। ফলে দাপ্তরিক কাজে জটিলতার সৃষ্টি হয়।

ঘ) কমিটির সিদ্ধান্ত পরিবর্তন হলে তাৎক্ষণিকভাবে উক্ত সিদ্ধান্ত আবেদনকারীগণকে জানানো সম্ভব হয় না। টেলিফোনে পরিবর্তিত তারিখ অবহিতকরণ করতে হবে। অনেক সময় টেলিফোনে পাওয়া যায়না।

ঙ) ফলে দাপ্তরিক কাজে প্রশাসনিক জটিলতার সৃষ্টি হয়।

**২.৫। সমস্যার প্রস্তাবিত সমাধান:** উপরোক্ত সমস্যাগুলোর সমাধানে ডিজিটাল প্রযুক্তিতে যোগাযোগের নিমিত্ত প্রার্থীদের মোবাইলে এসএমএস করে শুনানী/ তদন্তের তারিখ, বর্ণিত বিষয়ে হালনাগাদ তথ্যাদিসহ চূড়ান্ত ফলাফল সম্পর্কে অবহিত করা সম্ভব হবে।

**২.৬ সমস্যার প্রস্তাবিত সমাধান/ আইডিয়া (প্রসেস ম্যাপ):**



**২.৬.১ সমস্যার সমাধান:**

- বিভিন্ন সেবা গ্রহীতাদের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন।
- প্রতিটি সেবা সম্পন্ন হবার পর সেবাগ্রহীতাকে সাথে সাথে অবহিতকরণ।
- বিভিন্ন সভাসমূহ নির্দিষ্ট সময়ে উপস্থিতির জন্য অবহিতকরণ।
- বিশেষ বিশেষ প্রয়োজনে ব্যক্তিদের গ্রুপের মাধ্যমে গ্রুপ এসএমএস প্রেরণের ব্যবস্থা করা।
- বিশেষ দিনগুলোতে সকল মুক্তিযোদ্ধাকে বিভিন্ন প্রচারণা/ শুভেচ্ছা মুহূর্তের মধ্যে প্রেরণ।
- দাপ্তরিক কার্যক্রমেও এ ব্যবস্থা ব্যবহার করে জামুকার সভাগুলোকে আরো বেগবান করা।
- সেবাগ্রহীতাদের নিয়মিত আপডেট নিতে সময় এবং খরচ কমে আসা।

**২.৭ উদ্ভাবনী আইডিয়ার শিরোনাম:** ডিজিটাল প্রযুক্তিতে যোগাযোগ।

**২.৮। বিদ্যমান ও প্রস্তাবিত প্রক্রিয়ার মধ্যে TCV ভিত্তিক পার্থক্য:**

| বিদ্যমান প্রক্রিয়া | প্রস্তাবিত প্রক্রিয়া |
|---|---|
| ১। পৃথক পত্রের মাধ্যমে ডাকযোগে শতশত নোটিশ প্রস্তুত ও ইস্যু | এক ম্যাসেজে শতশত প্রার্থী/ অভিযোগকারীকে অবহিত করা সম্ভব |
| ১। বিদ্যমান প্রক্রিয়া সময় সাপেক্ষ | প্রস্তাবিত প্রক্রিয়া সময় সাপেক্ষ নয়। |
| ২। বিদ্যমান প্রক্রিয়ায় সেবা প্রার্থীর খরচ তুলনামূলক বেশী। | প্রস্তাবিত প্রক্রিয়ায় সেবা প্রার্থীর খরচ তুলনামূলক কম। |
| ৩। বিদ্যমান প্রক্রিয়ায় সেবা প্রার্থীকে তুলনামূলকভাবে বেশি যোগাযোগ করতে হয়। | প্রস্তাবিত প্রক্রিয়ায় সেবা প্রার্থীর যোগাযোগ করার প্রয়োজন হয় না। |
| ৪। বিদ্যমান প্রক্রিয়ায় প্রয়োজনীয় যোগাযোগ করা হলে সময়ের অপচয় হয় এবং দাপ্তরিক কাজের চাপ বৃদ্ধি পায়। | ডিজিটাল প্রযুক্তিতে যোগাযোগের নিমিত্ত প্রার্থীদের এসএমএস করে তদন্তের তারিখ, বর্ণিত বিষয়ে হালনাগাদ তথ্যাদিসহ চূড়ান্ত ফলাফল সম্পর্কে অবহিত করা হলে স্বল্প সময়ে এবং সহজে সেবা প্রদান সম্ভব হবে। |
| ৫। অনিবার্য কারণে তারিখ পরিবর্তীত হলে তাৎক্ষণিকভাবে অবহিত করতে ফোন করার প্রয়োজন হয়। | ৫। ফোন করার প্রয়োজন হয়না। |

**২.৯। প্রস্তাবিত প্রক্রিয়া/প্রক্রিয়াসমূহের সংক্ষিপ্ত বাস্তবায়ন পরিকল্পনা:** প্রস্তাবিত প্রক্রিয়া বাস্তবায়নের জন্য একটি সফটওয়ার প্রস্তুত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত সফটওয়ারের মাধ্যমে সেবাপ্রার্থীদের মোবাইল নম্বর সংগ্রহপূর্বক এসএমএস প্রেরণের মাধ্যমে সেবা সম্পর্কিত তথ্য প্রদান করা হবে।

**২.১০ আইডিয়া পাইলটিং টিম:**

| | |
|---|---|
| টিম লিডার | জনাব মো: সেলিম ফকির<br>পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। |
| সদস্য-১ | জনাব মোহাম্মদ ইউছুফ<br>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। |
| সদস্য-২ | জনাব এ এস এম ফজলুর রহমান<br>উপপরিচালক (উন্নয়ন)<br>জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। |
| সদস্য-৩ | জনাব মো: হাফিজুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশাসন-২)<br>জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। |
| সদস্য-৪ | জনাব মো: মাকসুদুর রহমান<br>সহকারী পরিচালক (অর্থ-২)<br>জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। |
| সদস্য-৫ | জনাব মো: জাহাঙ্গীর আলম<br>সহকারী পরিচালক (উন্নয়ন)<br>জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। |